# ২০২৪

# বাংলা

## (সাম্মানিক)

**(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন ও নতুন পাঠক্রম)**

**ষষ্ঠ সেমেস্টার**

**কোর্স কোড : BENG-H-CC-T-14**

**( সংস্কৃত সাহিত্যের ইতিহাস, ইংরেজি সাহিত্যের ইতিহাস ও লোকসাহিত্য)**

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'হর্ষচরিত' কার রচনা? এটি কী ধরণের গ্রন্থ?

খ) কবি জয়দেবের বাসস্থান সম্পর্কে আলোকপাত করো।

গ) 'রামায়ণ'কে কেন্দ্র করে তোমাদের পঠিত কোন্ কোন্ কাব্য রচিত হয়েছে?

ঘ) মহাশ্বেতা কথাটির অর্থ কী? কোন সংস্কৃত গ্রন্থে এই চরিত্রের উল্লেখ পাওয়া যায়?

ঙ) 'রঘুবংশম' কোন শ্রেণির মহাকাব্য? এই ধরণের মহাকাব্যের একটি বৈশিষ্ট্য লেখো।

চ) 'Lyrical Ballads' কোন সালে প্রকাশিত হয়েছিল? এই গ্রন্থের ভূমিকায় লিরিকের কোন প্রধান দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করা হয়েছে?

ছ) T. S. Eliot এর 'The Waste Land' কাব্যের দুটি ভাগের শিরোনাম লেখো।

জ) 'David Copperfield' কি আত্মজীবনীমূলক উপন্যাস? কেন এমন বলা হয়?

(পরের পাতায়)

ঝ) 'Ode To A Nightingale' কবিতাটি কাকে উদ্দেশ্য করে লেখা হয়েছে? তাঁর রচিত আরও একটি Ode এর নাম লেখো।

ঞ) চার্লস ডিকেন্সের উপন্যাসে উল্লিখিত সমসাময়িক সমাজচিত্রের দুটি বিশিষ্টতা লেখো।

ট) 'ছড়া' শব্দটির আক্ষরিক অর্থ কী? এমন নামকরণের কারণ কী?

ঠ) তোমার এলাকায় প্রচলিত একটি প্রকৃতি - বিষয়ক ছড়া লেখো।

ড) এমন দুটি প্রবাদের উল্লেখ করো, যাতে বাংলার সমাজচিত্র প্রতিফলিত হয়েছে।

ঢ) প্রবচন কাকে বলে? অর্থ সহ দুটি উদাহরণ দাও।

ণ) ময়মনসিংহ গীতিকার একটি পালার নাম করো। সেই পালার দুটি চরিত্রের নাম লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) শূদ্রকের 'মৃচ্ছকটিকম্' নাটকের অভিনবত্বগুলি দেখাও।

খ) ভবভূতির 'মালতীমাধব' নাটক সম্বন্ধে একটি টীকা লেখো।

গ) পি বি শেলীর কাব্য বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করো।

ঘ) শেক্সপীয়ারের ট্র্যাজেডির প্রধান বিশেষত্বগুলি লেখো।

ঙ) গীতিকা কাকে বলে? গীতিকার বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।

চ) বাংলা লোকগীতিতে যে পারিবারিক জীবনবোধ উল্লিখিত হয়েছে, সে সম্বন্ধে তোমার মতামত দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) দৃশ্যকাব্য রচনায় কালিদাসের কৃতিত্ব নিরূপণ করো।

খ) বার্ণার্ড শ-এর নাটকে যে সমাজমনস্কতা প্রতিফলিত হয়েছে, সে সম্বন্ধে তোমার যুক্তিপূর্ণ মতামত দাও।

গ) ইংরেজি কবিতার ইতিহাসে কীট্সের কবিতায় একটি স্বতন্ত্র জগতের রূপ অঙ্কিত হয়েছে— সে সম্বন্ধে তোমার বক্তব্য লেখো।

ঘ) ধাঁধাঁ কাকে বলে? বাংলা ধাঁধাঁর মধ্যে বাঙালির নিজস্ব জীবনচেতনার উল্লেখ দেখা যায়। সে সম্বন্ধে তোমার বক্তব্য লেখো।

———————